



রেজিস্ট্রারের কার্যালয়  
জাতীয় কবি কাজী নজরুল ইসলাম বিশ্ববিদ্যালয়  
ত্রিশাল, ময়মনসিংহ।



স্মারক নং: জাককানইবি/একাডেমিক/৩৪/০৭/২৪১

তারিখ: ২২/০৭/২০২০ খ্রি:

## অনলাইন ক্লাস সংক্রান্ত বিজ্ঞপ্তি

আমরা সকলেই অবগত রয়েছি যে, করোনা পরিস্থিতিতে দেশের সকল শিক্ষা প্রতিষ্ঠানের ন্যায় জাতীয় কবি কাজী নজরুল ইসলাম বিশ্ববিদ্যালয়েও বন্ধকালীন সময়ে অনলাইন ক্লাস শুরু করেছে। এ অনলাইন ক্লাস চলার ক্ষেত্রে কিছু কিছু বিষয়ে সমস্যা রয়েছে। এসব সমস্যা নিরসনে ইতোমধ্যে শিক্ষা মন্ত্রণালয়, ইউজিসি, বিশ্ববিদ্যালয় পরিষদসহ সকলে নিরন্তর কাজ করে চলেছেন। তারই প্রেক্ষিতে সর্বশেষ ১৯/০৭/২০২০ তারিখে সকল পাবলিক বিশ্ববিদ্যালয়ের উপাচার্য মহোদয়গণ ভার্সুয়াল মিটিংয়ে বেশ কিছু গুরুত্বপূর্ণ সিদ্ধান্ত গ্রহণ করেছেন যা স্পষ্টায়ন করে সকলকে অবহিত করছি।

১। শিক্ষার্থীদের ক্ষতির বিষয়টি অগ্রাধিকার বিবেচনায় জাতীয় কবি কাজী নজরুল ইসলাম বিশ্ববিদ্যালয়ের সম্মানিত শিক্ষকগণকে তাদের যার যার সুবিধা ও সঙ্গতি অনুসারে স্ব-স্ব বিভাগের সিদ্ধান্তের আলোকে যথাযথ স্বাস্থ্যবিধি মেনে স্ব-স্ব অবস্থানে থেকে অনলাইন ক্লাস চালু রাখা।

২। এসময়ে কোন পরীক্ষা অনুষ্ঠিত হবে না। কোন ব্যবহারিক ক্লাস, শিক্ষার্থীদের একাডেমিক গবেষণাসংশ্লিষ্ট কাজ, মৌখিক পরীক্ষা গ্রহণ করা হবে না।

৩। কোন কোর্সশিক্ষক সংশ্লিষ্ট সেমিস্টারের সিলেবাস অনুযায়ী তাঁর কোর্স সমাপ্ত করলে তিনি পরবর্তী সেমিস্টারের সিলেবাস অনুযায়ী ক্লাস নিতে পারবেন।

৪। যেসকল শিক্ষার্থী নেটওয়ার্কের বাইরে আছে, ইন্টারনেট ডাটা সমস্যা ও যথাযথ ভার্সুয়াল ডিভাইসের অভাবে অনলাইন ক্লাসে যুক্ত হতে পারছে না তাদেরকে এখন অনুষ্ঠিত হয়ে যাওয়া ক্লাস সমূহের ম্যাটেরিয়াল পরবর্তীতে সরবরাহ করা হবে।

৫। করোনা পরিস্থিতি স্বাভাবিক হলে বিশ্ববিদ্যালয় খোলার পর পরীক্ষা গ্রহণের পূর্বে অনলাইনে অনুষ্ঠিত হয়ে যাওয়া সেসব ক্লাসের সংক্ষিপ্ত আকারে পাঠদান সরাসরি শ্রেণিকক্ষেও অনুষ্ঠিত হবে।

৬। তাছাড়া শিক্ষক-শিক্ষার্থীদের জন্য ইন্টারনেট ডাটা, স্মার্ট ফোন, ল্যাপটপসহ অন্যান্য ভার্সুয়াল ডিভাইস সহজলভ্যভাবে প্রাপ্তির বিষয়টি বিশ্ববিদ্যালয়, ইউজিসি, শিক্ষা মন্ত্রণালয় তথা সরকারের সক্রিয় বিবেচনাধীন রয়েছে।

৭। এ করোনাকালেও শিক্ষার্থীদের কথা চিন্তা করে যেসকল সম্মানিত শিক্ষকমণ্ডলী অনলাইন ক্লাস নিচ্ছেন এবং একাডেমিক কার্যক্রম চালু রাখার স্বার্থে যেসব শিক্ষার্থীবৃন্দ অনলাইন ক্লাসে যুক্ত হচ্ছেন তাদের সকলকে বিশ্ববিদ্যালয়ের প্রশাসনের পক্ষ থেকে ধন্যবাদ জ্ঞাপন করছি। এ সংক্রান্ত আরো একাডেমিক বিষয়সমূহ সম্পর্কে ঈদের পরে সংশ্লিষ্টদেরকে নিয়ে মিটিংয়ের মাধ্যমে নিষ্পত্তি করা হবে।

কাজেই উপরোক্ত বিষয়সমূহ বিচেনায় নিয়ে সকলকে কার্যক্রম পরিচালনার জন্য অনুরোধ করা হলো।

উপাচার্য মহোদয়ের অনুমোদনক্রমে,

(কৃষাবদ ড. মো: হুমায়ুন কবীর)

রেজিস্ট্রার (ভারপ্রাপ্ত)

জাতীয় কবি কাজী নজরুল ইসলাম বিশ্ববিদ্যালয়

ত্রিশাল, ময়মনসিংহ।

মোবাইল নং: ০১৭১৫-২৮১৮৯২

Email: kbdhumayun08@gmail.com

অনুলিপি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। ড্রেজারার, জাককানইবি, ত্রিশাল, ময়মনসিংহ

২। সকল অনুষদীয় ডিন, জাককানইবি, ত্রিশাল, ময়মনসিংহ

৩। সকল বিভাগীয় প্রধান/দপ্তর প্রধান, জাককানইবি, ত্রিশাল, ময়মনসিংহ

৪। উপ-পরিচালক (জনসংযোগ) ও পিএস টু ভিসি (ভিসি মহোদয়ের সদয় অবগতির জন্য), জাককানইবি, ত্রিশাল, ময়মনসিংহ

৫। আইসিটি সেল (বিজ্ঞপ্তিটি বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটে আপলোডের অনুরোধসহ), জাককানইবি, ত্রিশাল, ময়মনসিংহ

৬। অফিস নথি।